Sanatan Dharma

রূপ হলুদ ব্রত

রূপ হলুদ ব্রতের সময় বা কাল – আদা হলুদ ব্রতের মত রূপ হলুদ ব্রতও চার বছর করতে হয়। চৈত্র মাসের সংক্রান্তির দিন থেকে বৈশাখ মাসের সংক্রান্তির দিন পর্যন্ত এই রূপ হলুদ ব্রত করতে হয়।

রূপ হলুদ ব্রতের নিয়ম – চৈত্র মাসের সংক্রান্তির দিন সকালে একজন এয়োর কপালে বাটা হলুদ ছুইয়ে দেবেন। বিকেলে সুগন্ধি তেল দিয়ে কেশবিন্যাস করে দিয়ে করে দিয়ে তাকে সিঁদুর পরিয়ে দিতে হবে।

কপালে সিন্দুরের বেশ বড় ফোঁটা পরিয়ে দিতে হবে। এইভাবে সারা বৈশাখ মাস করতে হয়।

রূপ হলুদ ব্রতের দ্রব্য ও উদযাপনের নিয়ম – পরের বছরের বইটর সংক্রান্তিতে দুজন করে এয়োকে, তৃতীয় বছরে তিনজন করে এয়োকে, আর চতুর্থ অর্থাৎ শেষ বছরের চারজনকে ঐভাবে বৈশাখ মাসের সংক্রান্তির দিন চারজন এয়োকে

সকালে বাড়িতে নিমন্ত্রন করে নিয়ে এসে ভাল সুগন্ধ তেল তাদের চুল ভাল করে বেঁধে দিতে হবে। সিঁথিতে ও কপালে সিঁদুর দিয়ে সাজাতে হবে। প্রত্যেককে একটি করে নতুন শাড়ি পরিয়ে পেরিপাটি করে ভোজন করতে হবে।

প্রত্যেককে লোহা, কড়, সিঁদুর-চুপড়ি, আলতা, মাথাঘষা, হলুদ ছোপানো গামছা, মিষ্টান্ন ও দক্ষিণা ধরে দিতে হবে। যাকে দিয়ে প্রথম ব্রত নেওয়া হয়েছিল তার লালপেড়ে শাড়িখানি, হলুদে চুপিয়ে দিতে হয় এবং তাকে অতিরিক্ত স্বরূপ রূপোর সিঁদুর কৌটো, এন, চিরুনি, পাখা ও একটি টাকা দিতে হবে।

রূপ হলুদ ব্রতের ফল – এই ব্রতের ফলে স্ত্রীলোক রূপ ও লাবণ্য বতী হয়।

মন্ত্র –

রূপ হলুদের ব্রত করে চাইছি এমন বর।

জন্মে জন্মে রূপ যেমন হয় হলুদের মতন।।

Published on: Jan, 09 2023 14:20